দৈনিক বাংলা

তারিখ ২৫।৩।৮১
পৃষ্ঠা ... কলাম ...



# সকল সরকারী বিভাগে বাংলা চালুর নির্দেশ

উপ-রাষ্ট্রপতি বিচারপতি জনাব আবদুস সাত্তারের সভাপতিত্বে আজ বঙ্গভবনে অনুষ্ঠিত মন্ত্রী পরিষদের এক বৈঠকে সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের সরকারী নির্দেশের বাস্তবায়ন পর্যালোচনা করা হয়। কিছু কিছু ক্ষেত্রে এ নির্দেশের সম্পূর্ণ বাস্তবায়ন হয়নি বলে পরিলক্ষিত হয়। মন্ত্রী পরিষদ সকল সরকারী বিভাগকে অবিলম্বে সকল পর্যায়ে বাংলা ভাষা প্রচলন করার নির্দেশ দিয়েছেন।